নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৩১৮.৮৩.০০১.২২** নথির বিষয়: ঢাকা ওয়াসা'র যাবতীয় স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং অনুদান ও অন্যান্য তহবিলের পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন সংক্রান্ত।

নোট: ২৪ নোটের বিষয়: **ঢাকা ওয়াসা'র স্থায়ী সম্পদ ট্যাগিং করণের জন্য ট্যাগ ক্রয় এবং সংযোজন ও আনুষঙ্গিক ব্যয় বাবদ অস্থায়ী অগ্রীম অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ২৪.০ - তারিখঃ ১৩/৮/২৪ ২:১৮ অপরাহ্ণ

ঢাকা ওয়াসা'র ২০২৩-২৪ অর্থ বছরের হিসাব বিবরণী নিরীক্ষার জন্য ইতিমধ্যে নিরীক্ষা ফার্ম ম্যাবস এন্ড জে পার্টনারস কে নিয়োগ প্রদান করা হয়েছে। ঢাকা ওয়াসা'র ৩০ জুন, ২০২২খ্রিঃ পর্যন্ত স্থায়ী সম্পদ, পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক হালনাগাদ করতঃ ট্যাগিং করা হয়েছে। তারই ধারাবাহিকতায় ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে স্থায়ী সম্পদের ট্যাগিং করণের নিমিত্তে ইতিমধ্যে ৩,১২৫ টি ট্যাগ করা হয়েছে। আরো প্রায় ১,৫০০ টি ট্যাগ এবং ঢাকা ওয়াসা'র যাবতীয় স্থায়ী সম্পদ সংক্রান্ত তথ্যাদির সফটকপি আদান প্রদানের জন্য ১২৮ জিবি সম্পন্ন ০২ (দুই)টি পেন ড্রাইভ ক্রয় সহ ট্যাগগুলি সংযোজন করা প্রয়োজন।

তৎপ্রেক্ষিতে পূর্বের সংগৃহীত অনুমোদিত দর ৮.০০ (আট) টাকা হারে ১,৫০০ টি ট্যাগ ক্রয় বাবদ (১,৫০০*৮)=১২,০০০/- টাকা ও ১২৮ জিবি সম্পন্ন ০২ (দুই)টি পেন ড্রাইভ ক্রয় বাবদ (১,৫০০*২)=৩,০০০/- টাকা এবং যাবতীয় ট্যাগ সমূহ সংযোজনসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ ১০,০০০/- টাকা সহ সর্ব মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা খরচ হবে। যা পিপিআর-২০০৮ এর ৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসা'র ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের সংযোজনকৃত স্থায়ী সম্পদের ট্যাগ ও পেন ড্রাইভ ক্রয় এবং যাবতীয় ট্যাগসমূহ সংযোজনসহ আনুষঙ্গিক ব্যয় বাবদ সর্বমোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এ্যাকাউন্টস ডিপার্টমেন্ট-এর ২০২৪-২০২৫ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট হতে ফিন্যান্স বিভাগের বাজেটের অনুকূলে স্থানান্তরপূর্বক খরচের অনুমোদন সহ ডেপুটি চীফ ফিন্যান্স অফিসার, ফিন্যান্স বিভাগ-এর অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেওয়া যেতে পারে। যা খরচ শেষে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য নথিখানা উপস্থাপন করা হল।

১৮/৮/২৪ ১:২৯ অপরাহ্ণ মোঃ রোকন উজ জামান হিসাব রক্ষণ কর্মকর্তা হিসাব বিভাগ-১	১৮/৮/২৪ ১০:৩৯ অপরাহ্ণ মোঃ আনিসুর রহমান পাটোয়ারী ডেপুটি চীফ ফিনান্স অফিসার ফিনান্স বিভাগ	১৯/৮/২৪ ১১:১৯ পূর্বাহ্ণ নিশাত মজুমদার প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) একাউন্টস ডিপার্টমেন্ট	~~১৯/৮/২৪ ১১:১৯ পূর্বাহ্ণ~~ ~~মোঃ আক্তারুজ্জামান~~ ~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স)~~ ~~উপ ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স)~~ ~~এর দপ্তর~~

সংযুক্তিসমূহ (১):
১। Quotation.pdf (পূর্বের সংগৃহীত দর)।

অনুচ্ছেদ ২৪.১ - তারিখঃ ১৯/৮/২৪ ২:৪৮ অপরাহ্ণ

okay

১৯/৮/২৪ ২:৪৯ অপরাহ্ণ
মোঃ আক্তারুজ্জামান
উপ ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (ফিন্যান্স)
এর দপ্তর

২০/৮/২৪ ২:২৮ অপরাহ্ণ
নিশাত মজুমদার
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
একাউন্টস ডিপার্টমেন্ট

২০/৮/২৪ ২:২৮ অপরাহ্ণ
মোঃ রোকন উজ জামান
হিসাব রক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ-১